

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে
দুর্নীতি প্রতিরোধে দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের উদ্বুদ্ধকরণ সভার কার্যবিবরণী

সভাপতি মোঃ মশিউর রহমান
পরিচালক
সভার তারিখ ১৯ ডিসেম্বর, সোমবার, ২০২২
সভার সময় বেলা ১০.০০ ঘটিকা
স্থান পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ
উপস্থিতি সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং অধিদপ্তরের উপ-পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) কে আলোচনার আহ্বান জানান। উপ-পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে দুর্নীতি প্রতিরোধে দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সকল কাজের ক্ষেত্রে সচেতনতা একটি পূর্বশর্ত। দুর্নীতি প্রতিরোধে সচেতনতা একটি গুরুত্বপূর্ণ নির্ধারক। প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে সততা এবং নিষ্ঠার সাথে কাজ করতে হবে। সভাপতি সবাইকে দুর্নীতি প্রতিরোধে কর্মক্ষেত্রে শুদ্ধতা ও নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে বিদ্যমান আইন কানুন, বিধি বিধান অনুসরণে অধিকতর সতর্কতার সাথে কাজ করতে হবে। দুর্নীতি বিরোধী কার্যক্রমকে গতিশীল করতে এবং দুর্নীতি প্রতিরোধে তিনি সবাইকে সম্মিলিতভাবে কাজ করার পরামর্শ দেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে বিদ্যমান বিধি বিধান অনুসরণ করে সততা এবং নিষ্ঠার সাথে কাজ করতে হবে।
- ২। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সততার লালন ও চর্চা করতে হবে।
- ৩। প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে বিদ্যমান আইন কানুন, বিধি বিধান অনুসরণে অধিকতর সতর্কতার সাথে কাজ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান
পরিচালক

স্মারক নম্বর: ৪২.০৪.০০০০.০০৪.১৬.০০৪.২২.৭১

তারিখ: ৪ পৌষ ১৪২৯
১৯ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিকল্পনা, আইসিটি বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

- ৩) উপ-পরিচালক , পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৪) সকল কর্মচারিবৃন্দ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৫) ডাটা এন্ড্রি অপারেটর, আইসিটি শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)



কামাল মোহাম্মদ রাশেদ
উপ-পরিচালক